19 APR 2016

# বাঞ্ছারামপুরে শিক্ষকের পিটুনিতে ৫ ছাত্রী হাসপাতালে

■ **বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি**

বাঞ্ছারামপুর উপজেলায় শ্রেণীকক্ষে পড়া না পারায় পাঁচ ছাত্রীকে পিটিয়ে হাসপাতালে পাঠিয়েছেন মোহাম্মদ আলী নামের এক শিক্ষক। গতকাল সোমবার সকালে উপজেলার পাহাড়িয়াকান্দি ইউনিয়নের কলাকান্দির এইচ কে আসমাতুননেছা উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। এতে গুরুতর আহত অবস্থায় অষ্টম শ্রেণীর তানিয়া আক্তার ও মুক্তা আক্তার নামের দুই ছাত্রীকে বিকেলে বাঞ্ছারামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অন্য আহতরা হলো– আরিফা আক্তার, তানিয়া আক্তার ও তানজিনা আক্তার। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে, ক্লাস শুরুর আগে সকাল ৯টা থেকে প্রতিদিনের মতো গতকালও বিশেষ ক্লাস নেন শিক্ষকরা। গতকাল ছিল গণিত ক্লাস। একটি সম্পাদ্য না পারায় পাঁচ ছাত্রীর প্রত্যেককে দুই হাতে বেত ও পুরনো বেঞ্চের কাঠ দিয়ে

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## বাঞ্ছারামপুরে

[শেষ পৃষ্ঠার পর]

২০টি করে আঘাত করেন শিক্ষক মোহাম্মদ আলী।

শিক্ষক মোহাম্মদ আলী বলেন, বেত দিয়ে কয়েকটি আঘাত করেছিলাম। এতে ভয়ে কয়েকজন অসুস্থ হয়ে পড়েছে। প্রতি হাতে বিশটি করে আঘাত করার বিষয়টি সঠিক নয় বলে দাবি করেন তিনি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আবু তৌহিদ বলেন, ছাত্রীদের মারধরের সত্যতা পাওয়া গেছে। আমি আহত ছাত্রীদের দেখতে গিয়েছি। মোহাম্মদ আলীর বিষয়ে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।